গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৩.১৫-৩৭২

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২২
০৬ ডিসেম্বর ২০১৫

## প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোঃ তোফাজ্জেল হক (পরিচিতি নম্বর ০০১০১৫), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), যান্ত্রিক জোন, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা সারাদেশের সকল ধরণের যানবাহন ও যন্ত্রপাতি সংগ্রহ, মেরামত, সংরক্ষণ এবং যান্ত্রিক জোনের অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণের কার্যক্রম তদারকি এবং নিয়ন্ত্রণের দায়িত্বে নিয়োজিত রয়েছেন;

এবং

যেহেতু গত ১০ ও ১১ জুলাই ২০১৫ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের যুগ্ম-সচিব (উন্নয়ন) জনাব মোঃ আলাউদ্দিন ফকির কর্তৃক সাতক্ষীরা ও খুলনা বিভাগের কার্যক্রম সরজমিনে পরিদর্শনকালে সাতক্ষীরা জেলার আশাসুনি উপজেলার খোলাপেটুয়া নদীর উপর মানিকখালী ফেরী ঘাটে ১টি ফেরী চালু অবস্থায় এবং ৩টি ফেরী ক্ষতিগ্রস্ত অবস্থায় নদীর তীরে পড়ে থাকতে দেখেন। একইসাথে খুলনা সড়ক বিভাগের স্টেকইয়ার্ড ও ওয়ার্কশপ পরিদর্শনকালে ২টি মিনি Hot Mix Plant স্টেকইয়ার্ডে পড়ে থাকতে দেখেন। ওয়ার্কসপ পরিদর্শনকালে সেখানে বিভিন্ন ধরণের রোলার এবং অকেজো গাড়ীও দেখতে পান;

এবং

যেহেতু পরিদর্শনকালে নির্বাহী প্রকৌশলী, ফেরী বিভাগ, খুলনা এবং উপ-বিভাগীয় প্রকৌশলী, ফেরী উপ-বিভাগ, খুলনা কে অফিসে উপস্থিত পাওয়া যায়নি;

এবং

যেহেতু যুগ্ম-সচিব (উন্নয়ন) পরিদর্শনকালে যান্ত্রিক জোনের কোন কর্মকর্তাকে উপস্থিত না পেয়ে তাঁর সাথে টেলিফোনে যোগাযোগ করে Hot Mix Plant ২টি সচল/অচল বা এ বিষয়ে কোন কার্যক্রম চলছে কিনা জানতে চাইলে আপনি ফেরী, যন্ত্রপাতি, মালামালের হালনাগাদ অবস্থা সম্পর্কে কোন তথ্য প্রদান করতে পারেননি। উপরন্তু, তাঁর সাথে অসৌজন্যমূলক আচরণ করে টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন করে দেন;

এবং

যেহেতু একদিকে মাঠ পর্যায়ে যন্ত্রপাতি ও যানবাহন ভাড়া নিয়ে রাস্তার জরুরী মেরামত কাজ করা হচ্ছে, অন্যদিকে আপনার উদাসীনতা ও অদক্ষতার কারণে সরকারের কোটি কোটি টাকা ব্যয়ে সংগৃহীত যন্ত্রপাতি/যানবাহন/ফেরী সামান্য মেরামত ও রক্ষণাবেক্ষণের অভাবে পড়ে পড়ে নষ্ট হয়ে যাচ্ছে;

এবং

যেহেতু সড়ক ও জনপথ অধিদপ্তরের যান্ত্রিক উইং এর আওতাধীন যন্ত্রপাতি ও যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ করে কার্যকর করার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মাসিক সমন্বয় সভা হতে তাঁকে ১৪.০১.২০১৫, ১১.০২.২০১৫, ১১.০৩.২০১৫ এবং ১২.০৮.২০১৫ তারিখ নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া দীর্ঘদিন যাবত অকেজো অবস্থায় পড়ে থাকা ১৯টি Mini Hot Mix Plant এবং Baby Roller মেরামত করে কার্যকর না করার কারণে গত ০৭.০৭.২০১৫ তারিখে তাঁকে কারণ দর্শানো হয়;

এবং

যেহেতু তিনি যান্ত্রিক জোনের দায়িত্বপ্রাপ্ত প্রধান কর্মকর্তা হওয়া সত্ত্বেও বিপুল পরিমান সরকারি অর্থে সংগৃহীত যন্ত্রপাতি, যানবাহন ও ফেরী সম্পর্কে অবহিত না থাকা, যন্ত্রপাতি ও ফেরী যত্রতত্র ফেলে রাখা, যথাযথভাবে সংরক্ষণ ও যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করা, অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণের ঈদের পূর্ব মূহুর্তে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করতে ব্যর্থ হওয়া তাঁর স্বীয় দায়িত্বের প্রতি চরম অবহেলা ও অদক্ষতার পর্যায়ভুক্ত এবং টেলিফোন আলাপকালীন আচরণ শিষ্টাচার বহির্ভূত;

অ: পৃ: দ্র:

এবং

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ হওয়ায় বিভাগীয় মামলা নম্বর ২৮/২০১৫ রুজু করা হয়;

এবং

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু তিনি গত ১১-১০-২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ০৫-১১-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এবং

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত জবানবন্দি এবং দলিল দস্তাবেজ পর্যালোচনায় দেখা যায় যে, গত ০৫-১১-২০১৫ তারিখ ব্যক্তিগত শুনানী প্রদানের তারিখে ৫২টি বেবি রোলার এবং ২০টি Hot Mix Plant মেরামত করা হয়েছে। আরো ১৪টি বেবি রোলার মেরামতাধীন আছে। কাজেই প্রতীয়মান হয় যে সরকারি নির্দেশনা পালনে যথেষ্ট তৎপর ছিলেন। তাছাড়া, টেলিফোনে আলাপকালে সৃষ্ট ভুল বুঝাবুঝির জন্য তিনি সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ক্ষমা প্রার্থনা করেছেন। এ প্রেক্ষাপটে উত্থাপিত অভিযোগ হতে জনাব মোঃ তোফাজ্জেল হক-কে দায়-মুক্তি দেয়া যায়;

এবং

এক্ষণে, সার্বিক পরিস্থিতি ও প্রেক্ষাপট বিবেচনায় জনাব মোঃ তোফাজ্জেল হক (পরিচিতি নম্বর ০০১০১৫), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), যান্ত্রিক জোন, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা-কে বিভাগীয় মামলা নম্বর ২৮/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

অ: পৃ: দ্র:

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৩.১৫-৩৭২/১(১৪)

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪২২
০৬ ডিসেম্বর ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. ভারপ্রাপ্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
১০. জনাব মোঃ তোফাজ্জেল হক (পরিচিতি নম্বর ০০১০১৫), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), যান্ত্রিক জোন, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা
১১. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

(যাহিদা খানম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১৩৬৮৮